

## চেয়ারম্যান এর বক্তব্য

বিসমিল্লাহির রাহমানির রাহিম

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,  
আসসালামু আলাইকুম,



রূপালী লাইফ ইনসিওরেন্স কোং লিঃ এর ২৪তম বার্ষিক সাধারণ সভায় আপনাদের উপস্থিতি এবং অংশ গ্রহণের জন্য আমি পরিচালনা পর্ষদ ও আমার ব্যক্তিগত পক্ষ থেকে আপনাদের জানাচ্ছি আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা।

শরতের স্নিগ্ধ সকালের এই মাহেস্ত্রক্ষেণে কোম্পানীর ২৪তম বার্ষিক সাধারণ সভায় ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাজ বৎসরের নিরীক্ষিত হিসাব ও বিগত ১ বছরের সার্বিক কর্মকাণ্ডের উপর ভিত্তি করে পরিচালকমন্ডলীর বার্ষিক প্রতিবেদন আপনাদের সমীপে সর্বিনয়ে উপস্থাপন করছি। দীর্ঘ ২৩টি বছর অতিক্রম করে কোম্পানীর উদ্যোক্তাগণ ও পরিচালকবৃন্দের আন্তরিক সমর্থন, সম্মানিত গ্রাহকবৃন্দের পৃষ্ঠপোষকতা, উন্নয়ন কর্মী/কর্মকর্তাদের নিরলস পরিশ্রম এবং সর্বোপরি কোম্পানীর সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের সর্বপ্রকার সহযোগিতার মাধ্যমে রূপালী লাইফ ইনসিওরেন্স কোং লিঃ আজ বাংলাদেশের জীবন বীমা শিল্পে একটি সম্মানিত আসনে সুপ্রতিষ্ঠিত হতে সক্ষম হয়েছে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি। আমি আরো বিশ্বাস করি, ভবিষ্যতে এই জীবন বীমা কোম্পানী বাংলাদেশের সর্বশ্রেষ্ঠ কোম্পানী হিসেবে আপনাদের নিকট বিবেচিত হবে।

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

দীর্ঘ অভিজ্ঞতা, পেশাদারিত্ব ও যোগ্য নেতৃত্ব সম্পন্ন ব্যবস্থাপনার মাধ্যমে রূপালী লাইফ ক্রমাগত এগিয়ে চলছে তার অগ্ণীত লক্ষ্যে। এদেশের জীবন বীমা কোম্পানী সমূহের অসম প্রতিযোগিতা এবং প্রতিকূল পরিবেশের মাঝেও বীমা শিল্পে রূপালী লাইফ মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে এবং নিজস্ব জগৎ সৃষ্টি করতে প্রচেষ্টা অব্যাহত রেখেছে। অর্জিত সাফল্য ও অগ্রগতির সাথে সংগতিরেখে কোম্পানী ইতিমধ্যে লাভমুক্ত পলিসিতে মেয়াদ শেষে আকর্ষণীয় বোনাস প্রদান করছে। ২০২৩ সালে কোম্পানী মোট দাবী বাবদ ১৭২৮.২০ মিলিয়ন টাকা পরিশোধ করে। ২০২৩ সালে মোট প্রিমিয়াম ২৩২৩.১২ মিলিয়ন টাকা ও লাইফ ফান্ড ৫০১১.০৪ মিলিয়ন টাকা। ২০২৩ সালে কোম্পানীর মোট সম্পদ ৬৩২১.২১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। চলতি বছরে মোট বিনিয়োগের পরিমাণ দাঁড়িয়েছে ৩০১৯.০০ মিলিয়ন টাকায়। প্রায় ১৭.৮০ লক্ষ গ্রাহক কোম্পানীর বীমা পলিসি গ্রহণ করে বীমার সুফল ভোগ করছে। আগামী বছর শেষে কোম্পানীর লাইফ ফান্ড ৫১০০.০০ মিলিয়ন হবে বলে আমি আশাবাদী।

রূপালী লাইফ এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রতিষ্ঠানে কর্মরত সকল শ্রেণির কর্মকর্তাদের বীমার উপর পেশাগত শিক্ষা-প্রশিক্ষণ প্রদানের উপর যথেষ্ট গুরুত্ব প্রদান করছেন। কর্মকর্তাদের কাজের গতি সঞ্চার ও স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে বীমার টেকনিক্যাল বিষয়ে পর্যায়ক্রমে শিক্ষা-প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এ লক্ষ্যে পর্যায়ক্রমে কর্মী/কর্মকর্তা, হিসাব রক্ষক/ ক্যাশিয়ার, আভাররাইটার এবং মাঠকর্মীদের যুগোপযোগী প্রশিক্ষণ দেয়া হচ্ছে। এছাড়াও সময় সময় পুস্তিকা, বিভিন্ন পরিকল্পনার উপর বিশেষ প্রকাশনা ও অন্যান্য আনুসঙ্গিক কাজও করা হচ্ছে। নিয়োগ প্রদানের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও পেশাগত অভিজ্ঞতা বিচার করা হচ্ছে। এতসব যুগান্তকারী পদক্ষেপ গ্রহণের ফলে রূপালী লাইফের কর্মকাণ্ডে আরও গতি সঞ্চার হয়েছে এবং দ্রুত কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে সমর্থ হচ্ছে।

আপনাদের সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, বিগত ২৮ আগস্ট ২০২৪ তারিখে অনুষ্ঠিত ১৯০তম পরিচালনা পর্ষদ সভায় সম্মানিত শেয়ারহোল্ডারদের জন্য ১২% নগদ লাভ্যাংশ প্রদানের সুপারিশ করা হয়েছে। ভবিষ্যতে শেয়ারহোল্ডারদের বিনিয়োগের উপর মুনাফা নিশ্চিত করার জন্য নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। সর্বশক্তিমান আত্মাহর রহমতে আমরা আশা করছি দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির সাথে তাল মিলিয়ে বীমা আইন ও বিধিমালায় আগুতায় ভবিষ্যতে আমরা সার্বিক সাফল্যের কাঙ্ক্ষিত পর্যায়ে উপনীত হতে পারবো ইনশাআল্লাহ।

পরম করুণাময় আল্লাহ আমাদের সকল কাজের সহায় হোন।

আমিন



মাহফুজুর রহমান  
চেয়ারম্যান